

সবার জন্য ভ্যাকসিনেশন

+ ফ্লু শট

+ Moderna COVID-19

ভ্যাকসিন সমূহ

- প্রথম ও দ্বিতীয় ডোজ
- যারা ইমিউনোকম্প্রোমাইজড তাদের জন্য প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ
- বুস্টার সমূহ

যোগ্য ব্যক্তিদের জন্য এখানে
উপলব্ধ রয়েছে

COVID-19 এবং ফ্লু মৌসুম একসাথে হওয়ায়, নিজেকে এবং প্রিয়জনকে অসুস্থ হওয়া থেকে রক্ষা করা আগের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ।

COVID-19 এবং ফ্লু ভ্যাকসিনগুলি অসুস্থতা, হাসপাতালে ভর্তি হওয়া এবং এমনকি মৃত্যুর ঝুঁকি কমাতেও নিরাপদ এবং অত্যন্ত কার্যকর।

আপনি একই সময়ে একটি COVID-19 ভ্যাকসিন এবং ফ্লু শট পেতে পারেন আপনার নিজ পকেট থেকে কোনও খরচ ছাড়াই।

আপনার জন্য কোন ভ্যাকসিনটি সঠিক সে সম্পর্কে আরও জানুন। QR কোডটি স্ক্যান করুন বা কল করুন **1-844-NYC-4NYC** (1-844-692-4692) নম্বরে।

COVID-19 ভ্যাকসিনগুলি
সম্পর্কে আরও জানুন

ফ্লু ভ্যাকসিন সম্পর্কে
আরও জানুন



ফ্লু এবং COVID-19-এর জন্য কার ভ্যাকসিন নেওয়া উচিত?

ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) ভ্যাকসিন

ছয় মাস বা তার বেশি বয়সের প্রত্যেকেরই প্রতি বছর একটি মৌসুমী ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) ভ্যাকসিন নেওয়া উচিত, বিশেষ করে:

- + 2 বছরের কম বয়সী শিশু
- + 65-এর অধিক বয়সী মানুষ
- + যারা গর্ভবতী বা সম্প্রতি জন্ম দিয়েছেন
- + যাদের ডায়াবেটিস, হাঁপানি, হৃদরোগ বা এইচআইভির মত মেডিকেল কন্ডিশন রয়েছে
- + স্বাস্থ্যসেবা কর্মী এবং মানুষের শুশ্রূষাকারীগণ সহ অপরিহার্য কর্মীরা, যারা অসুস্থ হওয়ার উচ্চ ঝুঁকিতে রয়েছে। যারা শিশুদের, বিশেষ করে ছয় মাসের কম বয়সী নবজাতকদের সেবা দেন তাদের ফ্লুর ভ্যাকসিন নেওয়া উচিত।

COVID-19 ভ্যাকসিন

বেশিরভাগ লোকেরাই এখন একটি COVID-19 ভ্যাকসিন পাওয়ার যোগ্য:

- + 5 থেকে 11 বছর বয়সী লোকেরা Pfizer-BioNTech-এর দুটি পেডিয়াট্রিক ডোজ (এক তৃতীয়াংশ শক্তির) পেতে পারে
- + 12 বছর বা তার বেশি বয়সের লোকেরা Pfizer-BioNTech-এর দুটি ডোজ পেতে পারেন
- + 18 বছর বা তার বেশি বয়সের লোকেরা Moderna-এর দুটি ডোজ, বা Johnson & Johnson/Janssen-এর একটি ডোজ পেতে পারে

Pfizer বা Moderna COVID-19 ভ্যাকসিনের প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ

প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ কমপক্ষে 28 দিন আগে COVID-19 ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ পাওয়া, এবং কোনও শারীরিক সমস্যা বা চিকিৎসাগত কারণে দুর্বল ইমিউন সিস্টেম সমৃদ্ধ ব্যক্তিদের জন্য পাওয়া যাচ্ছে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- + ক্যান্সারের সক্রিয় চিকিৎসা
- + ইমিউন সিস্টেমের শক্তি কমাতে অঙ্গ প্রতিস্থাপন এবং ওষুধ
- + বিগত 2 বছরের মধ্যে স্টেম সেল প্রতিস্থাপন
- + মাঝারি বা গুরুতর প্রাথমিক ইমিউনোডেফিসিয়েন্সি
- + এডভান্সড বা চিকিৎসা না করা এইচআইভি
- + রোগ প্রতিরোধ ক্ষমতাকে মাঝারি বা গুরুতরভাবে দুর্বল করে দেয় এমন কর্টিকোস্টেরয়েড বা অন্যান্য ওষুধের উচ্চ মাত্রাযোগে সক্রিয় চিকিৎসা।

Pfizer-এর প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ পেতে হলে আপনার বয়স অবশ্যই 5 বা তার বেশি হতে হবে এবং Moderna-এর প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ পেতে 18 বা তার বেশি হতে হবে। ডায়াবেটিস, হৃদরোগ বা ফুসফুসের রোগের মতো অন্যান্য শারীরিক সমস্যা সমৃদ্ধ বেশিরভাগ মানুষের ক্ষেত্রে প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ সুপারিশ করা হয় না।

COVID-19 বুস্টার ডোজ - Pfizer এবং Moderna ভ্যাকসিন গ্রহীতাগণ

12 বছর বা তার বেশি বয়সী প্রত্যেকেরই তাদের প্রাথমিক Pfizer বা Moderna COVID-19 ভ্যাকসিন সিরিজের দ্বিতীয় ডোজ পাওয়ার অন্তত 5 মাস পরে একটি বুস্টার শট নেওয়া উচিত।

যে সমস্ত ব্যক্তির Pfizer বা Moderna ভ্যাকসিনের দুটি শট পেয়েছেন তাদের বুস্টার হিসেবে একই ভ্যাকসিন নেওয়ার চেষ্টা করা উচিত, তবে মার্কিন যুক্তরাষ্ট্রে অনুমোদিত তিন ধরনের ভ্যাকসিনের মধ্য থেকে যেকোনও একটিতে পরিবর্তন করার স্বাধীনতা রয়েছে।

12-17 বছর বয়সী যেসব ব্যক্তির পাঁচ মাসেরও আগে Pfizer-এর প্রাথমিক সিরিজের ভ্যাকসিন পেয়েছিলেন তারা কেবল Pfizer-এর বুস্টার শটের জন্যই যোগ্য। 5-11 বছর বয়সী কিছু কিছু ইমিউনোকম্প্রোমাইজড শিশুরা তাদের দ্বিতীয় শট নেওয়ার 28 দিন পর Pfizer ভ্যাকসিনের অতিরিক্ত ডোজের যোগ্য হতে পারে।

COVID-19 বুস্টার ডোজ - Johnson & Johnson ভ্যাকসিন গ্রহীতাগণ

18 বছর বা তার বেশি বয়সী প্রত্যেকেরই একক ডোজের প্রাথমিক COVID-19 ভ্যাকসিন নেওয়ার অন্তত দুই মাস পর একটি বুস্টার শট নেওয়া উচিত। Pfizer বা Moderna (mRNA COVID-19 ভ্যাকসিন) বুস্টারগুলিকে বেশিরভাগ পরিস্থিতিতে অগ্রাধিকার দেয়া হয়।

NYC Health + Hospitals ব্যবহার হাসপাতাল সমূহ Pfizer এবং J&J ভ্যাকসিনগুলি দিয়ে থাকে। NYC Health + Hospitals/Gotham Health কেন্দ্রসমূহ Moderna ভ্যাকসিনগুলি দিয়ে থাকে। অবস্থানের একটি সম্পূর্ণ তালিকা জন্য, আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন: nychealthandhospitals.org-এই ঠিকানায়।